

## **া** সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩০৩

১১. কিতাবুয যাকাত (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কর্তৃক সাদাকাহ কারীকে দীর্ঘ হাতের সাথে দৃষ্টান্ত পেশ

ذِكْرُ تَمْثِيلِ الْمُصنطَفَى صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمُتَصدِّقَ بِطُولِ الْيَدِ

## আরবী

3303 \_ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ حَدَّثَنَا مَحْمُودُ بْنُ غَيْلَانَ حَدَّثَنَا الْفَضْلُ بْنُ مُوسَى حَدَّثَنَا طَلْحَةُ بْنُ يَحْيَى بْنِ طَلْحَةَ عَنْ عَائِشَةَ بِنْتِ طَلْحَةَ: عَنْ عَائِشَةَ قَالَتْ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أَسْرَعُكُنَّ بِي لُحُوقاً أَطْوَلُكُنَّ يَدًا) قَالَتْ: فَكُنَّ يَتَطَاوَلْنَ أَيَّهِنَّ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أَسْرَعُكُنَّ بِي لُحُوقاً أَطْوَلُكُنَّ يَدًا) قَالَتْ: فَكُنَّ يَتَطَاوَلْنَ أَيَّهِنَّ الْطُولُ يَدًا قَالَتْ: فَكَانَ أَطْوَلُنَا يَدًا زينبُ لِأَنَّهَا كَانَتْ تعمل بيدها وتتصدَدَّقُ.

الراوي: عَائِشَة | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3303 ا خلاصة حكم المحدث: صحيح \_ ((فقه السيرة)) (63) , ((الضعيفة)) (6335): ق.

## বাংলা

৩৩০৩. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "তোমাদের মাঝে আমার সাথে সবচেয়ে দ্রুত সাক্ষাত করবে, যে তোমাদের মাঝে সবচেয়ে বেশি দীর্ঘ হাতের অধিকারী।"

আয়িশা রাদিয়াল্লাহু আনহা বলেন, "অতঃপর তারা (রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের স্ত্রীগণ) নিজেদের হাত মাপতে শুরু করেন, এটা দেখার জন্য যে, কার হাত লম্বা।" তিনি বলেন, "তাদের মধ্যে দীর্ঘ হাতের অধিকারী ছিলেন যাইনাব রাদিয়াল্লাহু আনহা। কারণ তিনি নিজ হাতে কাজ করতেন এবং সাদাকাহ করতেন।"[1]

## ফটনোট

[1] সহীহ মুসলিম: ২৪৫২; বাইহাকী, দালাইলুন নুবুওওয়াত: ৬/৩৭৪।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ফিকহুস সীরাহ: ৬৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন